

প্রেমের ফাঁদ পাতা ডুবনে,
কে কোথা ধরা পড়ে, কে জানে—
গরব সব হায় কখন টুটে যায়, সলিল বহে যায় নয়নে ।
এ সুখ-ধরণীতে কেবলই চাহ নিতে, জান না হবে দিতে আপনা—
সুখের ছায়া ফেলি কখন যাবে চলি, বরিবে সাধ করি বেদনা ।
কখন বাজে বাঁশি গরব যায় ভাসি, পরান পড়ে আসি বাঁধনে ॥

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Teyora, Raag: Mishra-Desh
Visit www.geetabitan.com for notation and other detail